জীবন বীমা কর্পোরেশন
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়ঃ জীবন বীমা কর্পোরেশনের ২০২১-২০২২ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টারের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন ও অগ্রগতির নৈতিকতা কমিটির ২৯তম সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: সাইফুল ইসলাম, ম্যানেজিং ডাইরেক্টর ।

তারিখ : ২৯ জুন, ২০২২, বুধবার, বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : জীবন সভা কক্ষ, জীবন বীমা কর্পোরেশন।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

১.০ আলোচনা:

কমিটির সভাপতি ভার্চুয়াল সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুর করেন। নৈতিকতা কমিটির সদস্যসহ ৮টি রিজিওনাল অফিসের ইনচার্জগণ ভার্চুয়ালি যুক্ত ছিলেন। জীবন বীমা কর্পোরেশনের ২০২১-২০২২ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল থেকে জুন, ২০২২) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩ (তিন) টি ক্ষেত্রে যথা: প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের বাস্তবায়ন ও অগ্রগতির অনুচ্ছেদ ভিত্তিক কমিটির আলোচনা ও সিদ্ধান্তের সারসংক্ষেপ নিম্নে দেয়া হলো:-

| ক্র: নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা** | | |
| | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | নৈতিকতা কমিটির ৪র্থ কোয়ার্টারের সভা ২৯-০৬-২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | ফোকাল পয়েন্ট |
| | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ এই কোয়ার্টারে পর্যালোচনা করা হয় ও ১০০% বাস্তবায়ন করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়। | সংশ্লিষ্ট জিএম |
| | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | সভায় অবহিত করা হয় যে, ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল রিজিওনাল অফিসে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা করা হয়েছে। সভায় বীমাগ্রাহক, অফিস স্টাফ এবং ব্যবসায় নিয়োজিত মাঠকর্মীদের প্রিমিয়াম আয় বৃদ্ধি এবং দ্রুত বীমা দাবী পরিশোধের জন্য অনুরোধ করা হয়। | রিজিওনাল অফিস ইনচার্জ |
| | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | সভায় অবহিত করা হয় যে, কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত ২০২১-২০২২ অর্থ বছরে ৪র্থ কোয়ার্টারের জন্য ৪০ (চল্লিশ) জনের অধিক প্রশিক্ষণার্থী নিয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। | ম্যানেজার-প্রশিক্ষণ |

২য় পাতা দ্র:

| | | | |
|---|---|---|---|
| | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন | সভায় অবহিত করা হয় যে, কর্পোরেশনের স্ব স্ব কার্যালয়ের কর্ম-পরিবেশ উন্নয়নের জন্য যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করা হচ্ছে । জেনারেল ম্যানেজার-ইই বলেন যে, নিয়মিত বাথরুম পরিষ্কার-পরিচ্ছন্ন করা হচ্ছে। বাথরুমের দরজায় মহিলা বা পুরুষ স্টিকার লাগানো হয়েছে এবং পরিষ্কার-পরিচ্ছন্নকারীর ফোন লাগানো হয়েছে। তাছাড়া পুরাতন মালামাল বিক্রি করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | সংস্থাপন বিভাগ ও ইই ডিভিশন |
| | ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করা হয়। | ফোকাল পয়েন্ট |
| | ১.৭ আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | কর্পোরেশনের আওতাধীন ৮টি রিজিওনাল অফিসের ইনচার্জগণ জুম প্লাটফর্ম সভায় উপস্থিত ছিলেন। ঢাকা ও রাজশাহী রিজিওনাল অফিসের মত করে অন্যান্য রিজিওনাল অফিসে ওয়ানস্টপ সার্ভিস চালু করার পরামর্শ দেয়া হয়। এ বিষয়ে সিনিয়র সিস্টেম এনালিস্ট বলেন যে, বীমা দাবী পরিশোধের জন্য ওয়ানস্টপ সার্ভিসের জন্য ট্রেকিং অ্যাপস চালু করা যায়। ডেপুটি জেনারেল ম্যানেজার অর্থ ও হিসাব ২০২১ সালের বার্ষিক হিসাব যথাসময়ে বহি:নিরীক্ষা করার জন্য সকলের সহযোগিতা করার অনুরোধ করেন। উক্ত দুটি বিষয়ে সংশ্লিষ্ট বাস্তবায়নকারী বিভাগে পত্র দেয়ার সিদ্ধান্ত হয়। | ফোকাল পয়েন্ট |
| | ১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | ২৯-০৬-২০২২ তারিখে শুদ্ধাচার পুরস্কার প্রদানের সভা ও সিদান্ত হয়েছে। শিঘ্রই পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ০২ | **আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন** | | |
| | ২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | জীবন বীমা কর্পোরেশনে ক্যালেন্ডার বছরে বার্ষিক বাজেট অনুযায়ী ক্রয়-পরিকল্পনা করা হয়। ২০২১ সালের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ২০২২ সালের ক্রয়-পরিকল্পনা তৈরী করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তবে কর্পোরেশনে কোন প্রকল্প নাই। | অর্থ বিভাগ ও আইসিটি ডিভিশন |
| | ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | কর্পোরেশনে কোন প্রকল্প নাই। | প্রযোজ্য নয় |
| | ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | কর্পোরেশনে কোন প্রকল্প নাই। | প্রযোজ্য নয় |
| | ২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | কর্পোরেশনে কোন প্রকল্প নাই। | প্রযোজ্য নয় |

৩য় পাতা দ্রঃ

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** | | |
| | ৩.১ পেনশন বীমা পলিসির মাসিক পেনশন BEFTN এর মাধ্যমে প্রদান | জীবন বীমা কর্পোরেশন থেকে মাসিক পেনশন বীমা পলিসির টাকা প্রতি মাসে BEFTN এর মাধ্যমে প্রদান করার নির্দেশনা ছিল। ঢাকা রিজিওনাল অফিস প্রথমে বাস্তবায়ন করেছে। পরবর্তীতে রাজশাহী ও চট্টগ্রাম রিজিওনাল অফিসে পেনশন বীমা পলিসির অর্থ ইএফটির মাধ্যমে প্রেরণ করা হচ্ছে। | আইসিটি ডিভিশন ও ঢাকা রিজিওনাল অফিস |
| | ৩.২ ওয়ান স্টপ সার্ভিস চালু | কর্পোরেশনে প্রাথমিকভাবে ঢাকা ও রাজশাহী রিজিওনাল অফিসে ওয়ান স্টপ সার্ভিস চালু করা হয়েছে। অন্যান্য রিজিওনাল অফিসেও নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়। | রিজিওনাল অফিস ইনচার্জ |
| | ৩.৩ ব্যাংকিং চ্যানেলে প্রিমিয়াম আদায় | জীবন বীমা কর্পোরেশনের বীমাগ্রাহকদের প্রিমিয়াম ব্যাংকিং চ্যানেল এবং রকেট, নগদ ও বিকাশে আদায় করার জন্য চুক্তি হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টারে ২,৫৯৭টি বীমা পলিসিগ্রাহকের কাছ থেকে ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে টা: ৩.১৯ কোটি আদায় হয়েছে। | কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা সেল |
| | ৩.৪ ডেবিট পুলের মাধ্যমে প্রিমিয়াম আদায় | জীবন বীমা কর্পোরেশনের বীমাগ্রাহকদের প্রিমিয়াম ডেবিট পুলের মাধ্যমে আদায় করার জন্য ব্যাংকের সাথে আলোচনাক্রমে একটি ফর্ম তৈরী করা হয়েছে। বীমাগ্রাহকের নিকট হতে ফর্মটি পূরণ করে প্রাথমিকভাবে ডাচ বাংলা ব্যাংক লিঃ-এ সরবরাহ করা হয়েছে। | কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা সেল |
| | ৩.৫ মেয়াদোত্তর বীমা দাবী BEFTN এর মাধ্যমে প্রদান | মেয়াদোত্তর বীমা দাবী বীমাগ্রাহকের ব্যাংক হিসাবে BEFTN এর মাধ্যমে পরিশোধ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। রাজশাহী রিজিওনাল অফিসে মেয়াদোত্তর বীমা দাবী পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | রিজিওনাল অফিস ইনচার্জ |

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/৭/২০২২

(মোঃ সাইফুল ইসলাম)
ম্যানেজিং ডাইরেক্টর
ফোন-০২-২২৩৩৮৫৭২০

স্মারক নং ৫৩.১৯.৯০০১.০০৪.০০.০০০.২২. ৯৬৪৩ তারিখ: ০৪/০৭/২০২২ খ্রি:

বিতরণ:

১। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
২। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৩। যুগ্মসচিব, (ফোকাল পার্সন, এনআইএস), বাণিজ্যিক অডিট শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৪। নৈতিকতা কমিটির সকল সদস্য, জীবন বীমা কর্পোরেশন।

০৫/০৭/২০২২

(মো: ফেরদৌস আলম খান)
ম্যানেজার-হিসাব একত্রীকরণ